**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি নির্বাচনের ভোট গ্রহণ আগামীকাল। ২৮টি আসনে মোট ১ হাজার ২৫৭টি ভোট কেন্দ্রে সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে।**

**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রক্তদানের মাধ্যমে সমাজে একে অপরের প্রতি সহমর্মিতা ও দায়বদ্ধতা বোধ বৃদ্ধি পায়।**

**(৩) সরকার জানিয়েছে, বর্তমানে সারা দেশে গৃহস্থালির এলপিজি সিলিন্ডার সরবরাহ স্বাভাবিক রয়েছে, এবং গতকাল ৫১ লক্ষ ৫০ হাজারেরও বেশি সিলিন্ডার সরবরাহ করা হয়েছে।**

**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার আজ ছয়টি খেলা অনুষ্ঠিত হয়।**

**************************

**ADC-Election :**

এডিসি নির্বাচনের ভোট গ্রহণ আগামীকাল। এডিসি'র ২৮টি আসনের জন্য মোট ১ হাজার ২৫৭টি ভোট কেন্দ্রে আগামীকাল সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। ভোটকর্মীরা ভোট সামগ্রী নিয়ে কড়া নিরাপত্তার মধ্য দিয়ে আজ নিজ নিজ ভোটকেন্দ্রে পৌঁছে গেছেন। এই নির্বাচনে মোট ১৭৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। মোট ভোটার ৯ লক্ষ ৬২ হাজার ৬৯৭ জন। এদের মধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৮২ হাজার ২৫ জন, মহিলা ভোটার ৪ লক্ষ ৮০ হাজার ৬৬৬ জন ও অন্যান্য ভোটার রয়েছেন ৬ জন। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য রাজ্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এডিসি নির্বাচনে মোট ১২৫৭টি ভোট কেন্দ্রের মধ্যে ৩১১টি অতি স্পর্শকাতর। ৬৯৩টি স্পর্শকাতর। সাধারণ ক্যাটাগরির ভোট কেন্দ্র রয়েছে ২৫৩টি। এডিসি নির্বাচনে নিরাপত্তা দিতে রাজ্যে এসে পৌঁছে গেছে কেন্দ্রীয় বাহিনীর কুড়ি কোম্পানি জওয়ান। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, এই নির্বাচনে মোট ২৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। রাজ্যে আগে থেকেই ৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ছিল। তাছাড়া এডিসি নির্বাচনে প্রায় ১২ হাজার রাজ্য পুলিশ ও টি.এস.আর জওয়ানকে নিরাপত্তার কাজে নিয়োজিত করা হয়েছে।

***************************

**ADC-Polling Station :**

এডিসি নির্বাচনে সবচেয়ে কম ভোট কেন্দ্র রয়েছে উনকোটি জেলায়-৯২টি। সবচেয়ে বেশি ধলাই জেলায়-২৭৩টি। তাছাড়া উত্তর জেলায় ১০৩টি, খোয়াই জেলায় ১৩৬টি, পশ্চিম ত্রিপুরা জেলায় ১৪৯টি, সিপাহীজলা জেলায় ১১৩টি, গোমতী জেলায় ২৪০টি এবং দক্ষিণ জেলায় ১৫১টি ভোট কেন্দ্র রয়েছে।

এডিসি নির্বাচনে ২৮টি কেন্দ্রে মোট ৯ লক্ষ ৬২ হাজার ৬৯৭ জন ভোটারের মধ্যে সবচেয়ে কম ভোটার রয়েছেন মহারানী-চেলাগাঙ্গ কেন্দ্রে ২৪ হাজার ৬৯৪ জন এবং সবচেয়ে বেশি ভোটার রয়েছেন দামছড়া-জম্পুই কেন্দ্রে ৪৯ হাজার ৫৬৬ জন।

*************************

**Election-Gomati :**

গোমতী জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক রিঙ্কু লাথের আমাদের আকাশবাণীর প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে জানিয়েছেন, গোমতি জেলায় এডিসি নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। ভোটগ্রহণের দিন আইন-শৃঙ্খলা বজায় রাখতে কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**************************

**Election-Unakoti :**

কুমারঘাটের অতিরিক্ত মহকুমা শাসক তথা রিটার্নিং অফিসার ডেভিড এল হালাম আমাদের আকাশবাণীর সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে জানিয়েছেন, ঊনকোটি জেলার অধীনে রয়েছে, এডিসি'র মাছমারা ও করমছড়া আসন। দুটি আসনের জন্য ৪৬০ জন ভোটকর্মী নিয়োজিত রয়েছেন। মাছমারা আসনে ছয়জন এবং করমছড়া আসনে চারজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। মাছমারা আসনে ভোটার ৩৪ হাজার ৯৪৭ জন এবং করমছড়া আসনে মোট ৪২ হাজার ৭৭৬ জন। ঊনকোটি জেলায় এই দুটি আসনের জন্য মোট ২২ জন সেক্টর অফিসার নিয়োজিত রয়েছেন।

**************************

**Election-South :**

শান্তিরবাজার মহকুমার বীরচন্দ্র-কলসী আসনের ৪৫টি ভোট কেন্দ্রের ভোটকর্মীরা নিজ নিজ ভোটকেন্দ্রে পৌঁছে গেছেন বলে রিটার্নিং অফিসার শান্তি রঞ্জন চাকমা আমাদের আকাশবাণীর সংবাদদাতা বিপ্লব বৈদ্যকে জানিয়েছেন। এদিকে, সাব্রুম মহকুমার অন্তর্গত পূর্ব-মুহুরীপুর-ভুরাতলি আসনের ৫০টি ভোট কেন্দ্রে এবং শিলাছড়ি-মনুবনকুল আসনের ৫৬টি ভোটকেন্দ্রে ভোটকর্মীরা পৌঁছে গেছেন বলে জানিয়েছেন রিটার্নিং অফিসার সুমন রক্ষিত।

**************************

**Election-Sepahijala :**

সিপাহীজলা জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক সিদ্ধার্থ শিব জয়সওয়াল আমাদের আকাশবাণীর সংবাদদাতা অভিজিৎ বর্ধনকে জানিয়েছেন, সিপাহীজলা জেলায় এডিসি'র মোট ৩টি আসন রয়েছে। এগুলি হলো পেকুয়ারজলা-জন্মেজয়নগর, টাকারজলা-জম্পুইজলা ও আমতলী-গোলাঘাটি আসন। তাছাড়া কাঁঠালিয়া-মির্জা-রাজাপুর আসনে কয়েকটি

ভোট কেন্দ্র রয়েছে সোনামুড়া মহকুমায়। তিনি জানান, সিপাহীজলা জেলায় নির্বাচনে নিরাপত্তার দায়িত্বে রয়েছে রাজ্য পুলিশ, টি.এস.আর ও ৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর জওয়ান।

**************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রক্তদানের মাধ্যমে সমাজে একে অপরের প্রতি সহমর্মিতা ও দায়বদ্ধতা বোধ বৃদ্ধি পায়। আজ দমদমিয়া সিআরপিএফ গ্রুপ সেন্টারে রোটারি ক্লাব আগরতলা ও সিআরপিএফ এর যৌথ উদ্যোগে আয়োজিত এক মেগা রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, বর্তমানে হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রগুলিতে রক্তের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এই পরিপ্রেক্ষিতে সুস্থ ও সক্ষম ব্যক্তিদের স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে আসা অত্যন্ত জরুরি। শিবিরে উপস্থিত ছিলেন সিআরপিএফের আইজি সঞ্জয় যাদব, রোটারি ক্লাব আগরতলা শাখার সভাপতি ডক্টর দামোদর চ্যাটার্জী, সম্পাদক ঝুমুর সেনগুপ্ত প্রমুখ।

**************************

**Governor-Holicross :**

আগরতলার হোলিক্রস স্কুলে আজ অভিভাবক দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেন, শিক্ষার ক্ষেত্রে মেয়েদের অধিক সুযোগ করে দিতে হবে। তিনি আরও বলেন, দেশকে এগিয়ে নিয়ে যেতে হলে এক-দুজনের শিক্ষিত হলে চলবে না। সমাজকে শিক্ষিত হতে হবে। রাজ্যপাল ছাত্রছাত্রীদের স্বার্থে অভিভাবকদের সঙ্গে শিক্ষকদের ভাল সম্পর্ক গড়ে তুলতে আহবান জানিয়েছেন। তিনি বলেন, জাতীয় শিক্ষানীতি শিক্ষার্থীদের ভবিষ্যত গড়ার ক্ষেত্রে অপরিহার্য।

#####Byte-Governor#####

অনুষ্ঠানে ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। ভাষণ দেন আইজি বিএসএফ আলোক কুমার চক্রবর্তী, হলিক্রশ উত্তর পূর্ব প্রভিন্সের

ফাদার আব্রাহাম কোচুপুরাক্কাল, স্কুলের অধ্যক্ষ ফাদার জিলসন টম, ভাইস-প্রিন্সিপাল ফাদার Renju George প্রমুখ। আজকের অভিভাবক দিবসের ভাবনা ছিল বিকশিত ভারত : এক দেশ, অসীম সম্ভাবনা।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**LPG :**

সরকার জানিয়েছে, বর্তমানে সারা দেশে গৃহস্থালির এলপিজি সিলিন্ডার সরবরাহ স্বাভাবিক রয়েছে, এবং গতকাল ৫১ লক্ষ ৫০ হাজারেরও বেশি সিলিন্ডার সরবরাহ করা হয়েছে।

এক বিবৃতিতে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, এলপিজি মজুতদারি ও কালোবাজারি রোধে সারা দেশে নজরদারি অব্যাহত রয়েছে। গতকাল সারা দেশে ৩,৪০০-এরও বেশি অভিযান চালানো হয়েছে।

পিএসইউ তেল বিপণন সংস্থাগুলি আকস্মিক পরিদর্শন জোরদার করেছে এবং ২১৪টি এলপিজি ডিস্ট্রিবিউটরশিপের উপর জরিমানা আরোপ করেছে ও ৫৫টি ডিস্ট্রিবিউটরশিপ স্থগিত করেছে।

*************************

**Special Talk-Jan Vishwas Bill :**

জন বিশ্বাস বিধানগত সংশোধনী বিল দেশের আইন ব্যবস্থাকে আরও সহজ ও জনবান্ধব করার উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। এই বিলের মাধ্যমে কিছু ছোটখাটো অপরাধকে অপরাধের তালিকা থেকে বাদ দেওয়া, জরিমানার বিধান সংশোধন এবং ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে জটিলতা কমানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এই বিল নিয়ে সংবাদ বিভাগের বিশেষ আলোচনা শোনা যাবে আজ রাত ৯টা ১৫ মিনিটে আকাশবাণীর আগরতলা কেন্দ্র থেকে। আলোচনায় অংশ নেবেন আইনজীবী অস্মিতা বনিক।

**************************

**Congress :**

আগরতলার কংগ্রেস ভবনে আজ মহাত্মা জ্যোতিরাও ফুলের ২০০তম জন্মজয়ন্তী উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ সাহা, মুখপাত্র প্রবীর চক্রবর্তী প্রমুখ।

***********************

**Bihu Parab Festival :**

সপ্তম রাজ্যভিত্তিক বড়ুয়া জনগোষ্ঠীর ঐতিহ্যবাহী বিহু পরব উৎসব আগামী ১৩ থেকে ১৫ই এপ্রিল কাঞ্চনপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন মাঠে অনুষ্ঠিত হবে। আজ সাংবাদিক সম্মেলনে বিহু পরব উৎসব উদযাপন কমিটির কনভেনার চন্দ্রগুপ্ত বড়ুয়া এখবর জানিয়েছেন।

*************************

**Kabyalok :**

অন্যান্য বছরের মত এবছরও আগামী ১৪ ও ১৫ই এপ্রিল বর্ষবিদায় ও বর্ষবরণ অনুষ্ঠানের আয়োজন করেছে সাংস্কৃতিক প্রতিষ্ঠান কাব্যলোক। আজ আগরতলায় কাব্যলোকের সম্পাদক উত্তম চক্রবর্তী সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন। তিনি জানান, দুদিনব্যাপী এই অনুষ্ঠান হবে আগরতলার মহারানী তুলসীবতি বালিকা বিদ্যালয় প্রাঙ্গনে। রাজ্য ও বহিরাজ্যের দুই শতাধিক শিল্পী এই অনুষ্ঠানে অংশ নেবেন। এবছর কাব্যলোক সম্মাননা প্রদান করা হবে বিশিষ্ট গীতিকার সাহিত্যিক সুবিমল ভট্টাচার্যকে।

************************

**T-20 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার আজ ছয়টি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে দুটি খেলায় সংহতি ক্লাব ৬৯ রানে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে এবং ব্লাডমাউথ ক্লাব ৫ উইকেটে ওল্ড প্লে সেন্টারকে পরাজিত করেছে। এছাড়া নরসিংগড়ের পিটিএ মাঠে দুটি খেলায় পোলেস্টার ক্লাব ৪ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং চলমান সংঘ ২৯ রানে মৌচাক ক্লাবকে হারিয়ে দেয়। নরসিংগড়ের টি আই টি মাঠে দুটি খেলায় কসমোপলিটন ক্লাব ৫ উইকেটে হার্ভে ক্লাবকে এবং জয়নগর ক্রিকেট ক্লাব ৮ উইকেটে ইউনাইটেড বি এস টি-কে পরাজিত করে।

***************************

**Kajal Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের ফাইনালে উঠেছে ত্রিপুরা স্পোর্টস স্কুল এবং এস ডি এম স্কুল কোচিং সেন্টার। আজ আসরের দুটি সেমিফাইনাল অনুষ্ঠিত হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত প্রথম খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল পেনাল্টি শ্যুট আউটে ৪-২ গোলে সাই এসটিসি-কে হারিয়ে দেয়। পরে অপর সেমিফাইনালে এস ডি

এম স্কুল কোচিং সেন্টার ১-০ গোলে কাতলামারা হাই স্কুলকে হারিয়ে দেয়।

***********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************